

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শুল্ক-১ শাখা
www.ird.gov.bd

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৮.১১.০২১.২২.১২৮

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০

২৭ মার্চ ২০২৪

বিষয়: কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর সাংগঠনিক কাঠামোভুক্ত
১১-২০তম গ্রেডের সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদে জনবল নিয়োগের নিমিত্ত ছাড়পত্র প্রদান।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০১৪.০৪.০০২.১৮/১২, তারিখ: ০৭ ফেব্রুয়ারি ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর সাংগঠনিক কাঠামোভুক্ত ১১-২০ তম গ্রেডের সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত হকের কলাম-৩ এ বর্ণিত ৫১ (একান্ন) টি পদ সংরক্ষণপূর্বক কলাম-০৪ এ বর্ণিত ৬৫ (পঁয়ষট্টি) টি শূন্যপদে নিম্নোক্ত শর্তে ছাড়পত্র নির্দেশক্রমে প্রদান করা হলো :

ক্রম	পদের নাম ও বেতনক্রম (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	সংরক্ষণকৃত মোট পদের সংখ্যা	ছাড়পত্র প্রদানকৃত পদের সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)
১.	সিনিয়র ডাটা এন্ড্রি কন্ট্রোল অপারেটর ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১)	০০	০১
২.	উচ্চমান সহকারী ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪)	০১	১২
৩.	সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪)	০০	০২
৪.	টেলিফোন অপারেটর ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	০০	০১
৫.	গাড়িচালক (ড্রাইভার) ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	০১	০৭
৬.	সিপাই ৯,০০০-২১,৮০০/- (গ্রেড-১৭)	১৪	৩০
৭.	ডেসপাস রাইডার (বার্তাবাহক) ৮,৮০০-২১,৩১০/- (গ্রেড-১৮)	০০	০১

৮.	ফটোকপি অপারেটর ৮,৮০০-২১,৩১০/- (গ্রেড-১৮)	০০	০২
৯.	অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০)	৩৫	০৯
মোট=		৫১	৬৫

শর্তসমূহ :

- (ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি বিজ্ঞ আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে বিজ্ঞ আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধান মোতাবেক শূন্যপদ পূরণ করতে হবে;
- (খ) ছাড়পত্রের প্রস্তুতের শূন্যপদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত লোক নিয়োগ পেলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী কর্মচারী দায়ী থাকবেন;
- (গ) সাংগঠনিক কাঠামো ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত নিজস্ব নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি গ্রেডের পদের বিপরীতে মঞ্জুরিকৃত পদ সংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে এবং এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (ঘ) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, তারিখ: ২২ সেপ্টেম্বর ২০২২ অবশ্যই অনুসরণ করতে হবে;
- (ঙ) পদ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০-২৪৯, তারিখ: ১৯ অক্টোবর ২০২১ অবশ্যই পালন/অনুসরণ করতে হবে। উক্ত পরিপত্রের ৪(খ) অনুচ্ছেদ অনুযায়ী ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ১ (এক) বছর এবং উক্ত পরিপত্রের ৪ (গ) অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত পরিপত্রের ৪ (ঘ) অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদপূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;
- (চ) এ বিভাগের ওয়েবসাইটে আপলোডকৃত পত্রের মাধ্যমে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদে জনবল নিয়োগের ছাড়পত্রের সঠিকতা যাচাইপূর্বক নিয়োগ কার্যক্রম গ্রহণ করতে হবে;
- (ছ) প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির কপি irdbd08@gmail.com ই-মেইলে প্রেরণ করতে হবে;
- (জ) ছাড়কৃত পদগুলো পূরণ করার ক্ষেত্রে নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে;
- (ঝ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য তথায় প্রেরণের লক্ষ্যে ছাড়কৃত পদসমূহ পূরণ করার ১০ (দশ) দিনের মধ্যে নির্ধারিত হকে তথ্য এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।



২৭-৩-২০২৪

বনানী বিশ্বাস

উপসচিব

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড

ফোন: +৮৮০২৫৫১০০২৬৫

ফ্যাক্স: ০২-৯৫৪০৩০৩


ইমেইল: bananibiswas@ird.gov.bd

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৮.১১.০২১.২২.১২৮/১(৪)

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ৩) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ৪) যুগ্মসচিব (শুল্ক) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।



২৭-৩-২০২৪

বনানী বিশ্বাস
উপসচিব